শিক্ষক মহোদয় অর্থ শিখানোর পূর্বে সুরা সম্পর্কে একটি সংক্ষিপ্ত বর্ণনা দিবেন। অত:পর প্রতিদিন ১টি করে আয়াতের অর্থ শিখাবেন। প্রথমে আয়াতটির প্রত্যেকটি শব্দের শাব্দিক অর্থ শিখাবেন। অত:পর সরল অনুবাদ শিখাবেন। এভাবে সুরাটি শেষ হলে পূর্ণ সুরার অর্থ মুখস্থ করাবেন।

১ম পাঠ

কুরআন মাজিদের অর্থ শেখার গুরুত্ব

কুরআন মাজিদ আল্লাহ তাআলার বাণী। এটি মানুষের জীবনবিধান। তাইতো আল্লাহ তাআলা কুরআন মাজিদ সম্পর্কে বলেছেন هُدًى لِّلنَّاسِ - কুরআন মাজিদ মানবজাতির জন্য পথ নির্দেশিকা। কিন্তু কুরআন মাজিদকে আমাদের পথ নির্দেশিকা বানাতে হলে তা পড়তে হবে এবং বুঝতে হবে। এক্ষেত্রে কুরআন মাজিদের অর্থ জানার বিকল্প নেই। কারণ কুরআন মাজিদ শুধু তেলাওয়াতের উদ্দেশ্যে আসেনি, বরং কুরআনের নির্দেশ অনুযায়ী আমল করাই হলো মুখ্য উদ্দেশ্য। এ জন্য উলামায়ে কেরাম বলেন, সমগ্র কুরআনের অর্থ ও ব্যাখ্যা জানা ফরজে কেফায়া। তাই সাধ্যমত কুরআন মাজিদের অর্থ জানা আমাদের কর্তব্য। অন্যথায় কুরআন মাজিদ অনুযায়ী জিন্দেগি গড়ার স্বপ্ন হবে সুদূর পরাহত। কুরআন মাজিদ অর্থসহ বুঝা এবং তা নিয়ে চিন্তা ও গবেষণার তাগিদ রয়েছে। আল্লাহ তাআলা বলেন–

أَفَلَا يَتَدَبَّرُوْنَ الْقُرْاٰنَ أَمْ عَلٰى قُلُوْبِهِمْ اَقْفَالُهَا .

"তারা কি কুরআন মাজিদ নিয়ে গভীরভাবে চিন্তা করতে পারে না। নাকি তাদের অন্তর তালাবদ্ধ করা হয়েছে।" অন্য আয়াতে বলা হয়েছে–

وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ

"আর আমি কুরআনকে সহজ করে দিয়েছি। আছে কি কোন উপদেশ গ্রহণকারী ?"

বস্তুত কুরআন মাজিদ থেকে উপদেশ ও শিক্ষা গ্রহণ করতে হলে তার অর্থ শেখা খুবই গুরুত্বপূর্ণ। হযরত আয়েশা (রাদিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত, রাসুল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন-

اَلْمَاهِرُ بِالْقُرْاٰنِ مَعَ السَّفَرَةِ الْكِرَامِ الْبَرَرَةِ

কুরআন পাঠে অভিজ্ঞ ব্যক্তির হাশর হবে অহি লেখক সম্মানিত সাহাবাগণের সাথে।

হজরত উসমান (রাঃ) থেকে বর্ণিত, মহানবি (সাঃ) বলেন– خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْاٰنَ وَعَلَّمَهٗ "তোমাদের মধ্যে সর্বোত্তম ঐ ব্যক্তি যে নিজে কুরআন শিক্ষা করে এবং অপরকে শিক্ষা দেয়।"

বলাবাহুল্য, কুরআন শিক্ষা শুধু তেলাওয়াত শিক্ষাকেই বুঝায় না বরং অর্থ শেখা ও ব্যাখ্যা শেখাও এর মধ্যে শামিল। তাই, কুরআন অনুযায়ী জীবন গড়ার উদ্দেশ্যে কুরআনের অর্থ শেখা খুবই গুরুত্বপূর্ণ।

২য় পাঠ

সুরাতুল ফাতিহা (০১), মক্কায় অবতীর্ণ

রুকু: ০১, আয়াত সংখ্যা : ০৭

শাব্দিক অর্থ :

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
بِسْمِ	নামে	اللّٰهِ	আল্লাহর
الرَّحْمٰنِ	পরম করুণাময়	الرَّحِيْمِ	অসীম দয়ালু
اَلْحَمْدُ	সমস্ত প্রশংসা	لِلّٰهِ	আল্লাহর জন্য
رَبِّ	প্রতিপালক	الْعٰلَمِيْنَ	জগতসমূহের
الرَّحْمٰنِ	পরম করুণাময়	الرَّحِيْمِ	অসীম দয়ালু
مٰلِكِ	মালিক	يَوْمِ	দিবস
الدِّيْنِ	প্রতিফল, বিচার	اِيَّاكَ	তোমারই
نَعْبُدُ	আমরা ইবাদত করি	وَاِيَّاكَ	এবং তোমারই (নিকট)
نَسْتَعِيْنُ	আমরা সাহায্য চাই	اِهْدِ	দেখাও
نَا	আমাদেরকে	الصِّرَاطَ	পথ
الْمُسْتَقِيْمَ	সহজ-সরল	صِرَاطَ	পথ
الَّذِيْنَ	যাদেরকে, যারা	اَنْعَمْتَ	তুমি অনুগ্রহ করেছ

عَلَيْهِمْ	যাদের উপর	غَيْرِ	নয়, ব্যতীত
الْمَغْضُوْبِ	অভিশপ্ত	عَلَيْهِمْ	যাদের উপর
وَلَا	এবং নয়	الضَّآلِّيْنَ	পথভ্রষ্ট

সরল বাংলা অনুবাদ :

অনুবাদ	আয়াত
দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক আল্লাহরই।	اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ [لا] (١)
যিনি দয়াময়, পরম দয়ালু।	الرَّحْمٰنِ الرَّحِيْمِ [لا] (٢)
কর্মফল দিবসের মালিক।	مٰلِكِ يَوْمِ الدِّيْنِ [ط] (٣)
আমরা শুধু তোমারই ইবাদত করি, শুধু তোমারই সাহায্য প্রার্থনা করি।	اِيَّاكَ نَعْبُدُ وَاِيَّاكَ نَسْتَعِيْنُ [لا] (٤)
আমাদেরকে সরল পথ প্রদর্শন কর।	اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ [لا] (٥)
তাদের পথ, যাদেরকে তুমি অনুগ্রহ দান করেছ,	صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ [ه/] (٦)
তাদের পথ নয় যারা ক্রোধে নিপতিত ও পথভ্রষ্ট।	غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ وَلَا الضَّآلِّيْنَ [ع] (٧)

প্রাসঙ্গিক আলোচনা :

সুরাতুল ফাতিহা মক্কা শরিফে অবতীর্ণ হয়েছে। সুরাটিতে ১টি রুকু ও ৭টি আয়াত রয়েছে। আরবিতে ফাতিহা (فَاتِحَةٌ) শব্দের অর্থ হলো– সূচনাকারী, উন্মোচনকারী। যেহেতু এ সুরা দ্বারা পবিত্র কুরআন শুরু করা হয়েছে, এজন্য এ সুরাকে ফাতিহা তথা সূচনাকারী হিসেবে নামকরণ করা হয়েছে। এ সুরার আরো অনেক নাম রয়েছে। যেমন: সুরাতুল হামদ, উম্মুল কুরআন, উম্মুল কিতাব, সাবউল মাসানি ইত্যাদি। এ সুরার সাতটি আয়াতের প্রথম তিনটিতে

আল্লাহ তাআলার প্রশংসা, পরের চারটি আয়াতে আল্লাহর নিকট বান্দার প্রার্থনা তুলে ধরা হয়েছে। সুরাটির গুরুত্ব ও তাৎপর্য অপরিসীম। নামাজে এ সুরা তেলাওয়াত না করলে নামাজ হয় না। হাদিসে এসেছে- لَا صَلَاةَ لِمَنْ لَّمْ يَقْرَأْ بِفَاتِحَةِ الْكِتَابِ অর্থাৎ, যে সুরাতুল ফাতিহা পড়ে না, তার নামাজ হয় না। তবে ইমামের পিছনে থাকলে মুক্তাদিকে এ সুরা তেলাওয়াত করতে হবে না। কেননা, ইমামের তেলাওয়াতই মুক্তাদির জন্য যথেষ্ট। সুরাতুল ফাতিহা দ্বারা রাসুল (ﷺ) এবং সাহাবায়ে কেরাম ঝাড়-ফুঁক করতেন। এজন্য সুরাতুল ফাতিহাকে সুরাতুশ শিফা বা রোগ-মুক্তির সুরা বলা হয়। যেমন: হাদিসে আছে-

فِيْ فَاتِحَةِ الْكِتَابِ شِفَاءٌ مِّنْ كُلِّ دَاءٍ (شعب الايمان)

"সুরাতুল ফাতিহায় প্রত্যেক রোগের আরোগ্য রয়েছে।"

৩য় পাঠ

সুরাতুল ইখলাস (১১২), মক্কায় অবতীর্ণ
রুকু: ০১, আয়াত সংখ্যা : ০৪

শাব্দিক অর্থ :

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
قُلْ	বলুন	هُوَ	তিনি
اللّٰهُ	আল্লাহ	اَحَدٌ	এক
اَللّٰهُ	আল্লাহ	الصَّمَدُ	অমুখাপেক্ষী
لَمْ يَلِدْ	তিনি জন্ম দেননি	وَلَمْ يُوْلَدْ	তাঁকে কেউ জন্ম দেয় নি
وَلَمْ يَكُنْ	হয় না	لَّهٗ	তাঁর জন্য
كُفُوًا	সমকক্ষ	اَحَدٌ	কেউ

সরল বাংলা অনুবাদ:

অনুবাদ	আয়াত
দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বলুন, তিনিই আল্লাহ, এক-অদ্বিতীয়।	قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۚ (١)
আল্লাহ কারো মুখাপেক্ষী নন, সকলেই তাঁর মুখাপেক্ষী।	اَللّٰهُ الصَّمَدُ ۚ (٢)
তিনি কাউকে জন্ম দেননি এবং তাঁকেও জন্ম দেয়া হয়নি।	لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ۙ (٣)
এবং তাঁর সমতুল্য কেউই নেই।	وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۠ (٤)

সুরাতুল ইখলাস সম্পর্কিত প্রাসঙ্গিক আলোচনা :

এ সুরাটি মক্কা শরিফে অবতীর্ণ হয়। সুরাটিতে ১টি রুকু এবং ৪টি আয়াত আছে। ইখলাস (إخلاص) অর্থ খাঁটি বা নির্ভেজাল। এ সুরাতে নির্ভেজাল তাওহিদের কথা বলা হয়েছে। এ জন্য সুরাটির নাম এরূপ হয়েছে।

জনৈক মুশরিক রাসুলুল্লাহ (ﷺ) কে আল্লাহ তাআলার বংশ পরিচয় সম্পর্কে প্রশ্ন করে। এ প্রশ্নের উত্তরে সুরাটি নাজিল হয় এবং বলে দেয়া হয় যে, আল্লাহ তাআলা এক। তিনি কারো উপর নির্ভর করেন না। তিনি কারো পিতা বা সন্তান নন। অতএব, তাঁর বংশ পরিচয় সম্পর্কে প্রশ্ন অবান্তর। তাঁর সমকক্ষ বা সমতুল্য কোনো কিছু নেই। এ সুরা তেলাওয়াত করলে গোটা কুরআন মাজিদ তেলাওয়াতের তিন ভাগের এক ভাগ সাওয়াব পাওয়া যায়।

৪র্থ পাঠ

সুরাতুল ফালাক (১১৩), মদিনায় অবতীর্ণ

রুকু: ০১, আয়াত সংখ্যা : ০৫

শাব্দিক অর্থ :

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
قُلْ	বলুন	اَعُوْذُ	আমি আশ্রয় চাই
بِرَبِّ	প্রতিপালকের নিকট	الْفَلَقِ	উষার, ভোরের
مِنْ	হতে	شَرِّ	অনিষ্ট
مَا	যা	خَلَقَ	তিনি সৃষ্টি করেছেন

وَمِنْ	আর হতে	شَرِّ	অনিষ্ট
غَاسِقٍ	গাঢ় অন্ধকার	اِذَا	যখন
وَقَبَ	ঘনিভূত হয়	وَمِنْ	আর হতে
شَرِّ	অনিষ্ট	النَّفّٰثٰتِ	ফুৎকারকারিণী
فِي	মধ্যে	الْعُقَدِ	গিঁট
وَمِنْ	আর হতে	شَرِّ	অনিষ্ট
حَاسِدٍ	হিংসুকের	اِذَا	যখন
حَسَدَ	সে হিংসা করে		

সরল বাংলা অনুবাদ :

অনুবাদ	আয়াত
দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বলুন, আমি আশ্রয় চাচ্ছি ঊষার প্রতিপালকের,	قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ [لا] (١)
তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে,	مِنْ شَرِّ مَا خَلَقَ [لا] (٢)
অনিষ্ট হতে রাতের অন্ধকারের, যখন তা গভীর হয়	وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ [لا] (٣)
এবং অনিষ্ট থেকে সমস্ত নারীদের, যারা গিঁটে ফুৎকার দেয়,	وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِى الْعُقَدِ [لا] (٤)
এবং অনিষ্ট থেকে হিংসুকের, যখন সে হিংসা করে।	وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ [ع] (٥)

৫ম পাঠ

সুরাতুন নাস (১১৪), মদিনায় অবতীর্ণ

রুকু: ০১, আয়াত সংখ্যা : ০৬

শাব্দিক অর্থ :

শব্দ	অর্থ	শব্দ	অর্থ
قُلْ	বলুন	اَعُوْذُ	আমি আশ্রয় চাই
بِرَبِّ	প্রভুর নিকট	النَّاسِ	মানুষের
مَلِكِ	মালিক	النَّاسِ	মানুষের
اِلٰهِ	উপাস্য/ মাবুদ	النَّاسِ	মানুষের
مِنْ	হতে	شَرِّ	অনিষ্ট
الْوَسْوَاسِ	কুমন্ত্রণাদাতা	الْخَنَّاسِ	আত্মগোপনকারী
الَّذِىْ	যে	يُوَسْوِسُ	কুমন্ত্রণা দেয়
فِىْ	মধ্যে	صُدُوْرِ	অন্তর
النَّاسِ	মানুষের	مِنَ	হতে
الْجِنَّةِ	জিন	وَالنَّاسِ	আর মানুষ

সরল বাংলা অনুবাদ :

অনুবাদ	আয়াত
দয়াময়, পরম দয়ালু আল্লাহর নামে।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ
বলুন, আমি আশ্রয় চাচ্ছি মানুষের প্রতিপালকের,	قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ (١)
মানুষের অধিপতির,	مَلِكِ النَّاسِ (٢)
মানুষের ইলাহের নিকট।	اِلٰهِ النَّاسِ (٣)
আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট থেকে,	مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ (٤)
যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে,	الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ (٥)
জিনের মধ্য থেকে এবং মানুষের মধ্য থেকে।	مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ (٦)

সুরাতুল ফালাক ও সুরাতুন নাস নাজিল হওয়ার ঘটনা :

বনু জুরাইফ গোত্রের লাবিদ বিন আসিম একবার রাসুলুল্লাহ (ﷺ) কে জাদু করে। সে রাসুলুল্লাহ (ﷺ) এর ব্যবহৃত চিরুণী গোপনে সংগ্রহ করে। তাতে তাঁর চুল পেঁচিয়ে খেজুরের থোকে গিলাফের আবরণ দিয়ে যারওয়ান নামক কূপের তলায় ফেলে রাখে। ফলে রাসুলুল্লাহ (ﷺ) পীড়ায় আক্রান্ত হন। অহির মাধ্যমে বিষয়টি জানতে পেরে তিনি লোক দিয়ে কূপ থেকে জাদুর গিরা দেয়া তাবিজটি তুলে আনান। ঐ তাবিজে ১১টি গিঁট ছিল। সুরাতুল ফালাক ও সুরাতুন নাসে ১১টি আয়াত আছে। তিনি এক একটি আয়াত পড়ে ফুঁ দিলেন আর এক একটি গিঁট খুলে গেল। সকল গিঁট খুলে গেলে তিনি সুস্থ হলেন। সকল প্রকার অনিষ্ট থেকে আল্লাহ তাআলার কাছে আশ্রয় প্রার্থনার জন্য এ সুরাদ্বয় সর্বোৎকৃষ্ট।

অনুশীলনী

১. এককথায়/একবাক্যে উত্তর দাও :

ক. কুরআন মাজিদের অর্থ জানার হুকুম কী ?
খ. সর্বোত্তম ব্যক্তি কে ?
গ. কুরআন মাজিদ শিক্ষা বলতে কী বুঝায় ?
ঘ. সুরাতুল ফাতিহা কোথায় নাজিল হয়েছে ?
ঙ. সুরাতুল ফাতিহার আয়াত সংখ্যা কত ?
চ. কোন সুরা না পড়লে নামাজ হয় না ?
ছ. সুরাতুল ইখলাসে কিসের কথা বলা হয়েছে ?
জ. সুরাতুল ইখলাস তেলাওয়াত করলে কত সাওয়াব হয় ?
ঝ. কে রাসুল সা. কে জাদু করেছিল ?
ঞ. জাদুর তাবিযে কয়টি গিঁট ছিল ?

২. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

ক. সুরাতুল ফাতিহার নামকরণের তাৎপর্য লেখ।
খ. সুরাতুল ফাতিহার গুরুত্ব আলোচনা কর।
গ. সুরাতুল ফাতিহার অনুবাদ লেখ।
ঘ. সুরাতুল ইখলাস কেন নাজিল হয়?
ঙ. সুরাতুল ইখলাসের তাৎপর্য লেখ।
চ. সুরাতুল ইখলাসের অনুবাদ লেখ।
ছ. সুরাতুল ফালাক ও সুরাতুন নাস কী উপলক্ষে নাজিল হয় ?
জ. সুরাতুল ফালাকের অনুবাদ লেখ।
ঝ. সুরাতুন নাসের অনুবাদ লেখ।

৪র্থ অধ্যায়

তাজভিদ

শিক্ষক নির্দেশিকা ঃ

শিক্ষক মহোদয় তাজভিদের নিয়ম বা কায়দাগুলো পড়ানোর পাশাপাশি শিক্ষার্থীরা কায়দাগুলো প্রয়োগ করে শুদ্ধ উচ্চারণ করতে পারে কি না সেদিকে লক্ষ্য রাখবেন এবং বোর্ডে বেশি বেশি উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দিবেন।

১ম পাঠ

ইলমে তাজভিদের গুরুত্ব ও ফজিলত

তাজভিদের পরিচয়: تجويد শব্দটি جَوْدٌ মূল ধাতু থেকে গঠিত। যার শাব্দিক অর্থ সুন্দর করা। যে নিয়ম-কানুন মেনে কুরআন তেলাওয়াত করলে তেলাওয়াত সুন্দর ও শুদ্ধ হয় তাকে ইলমে তাজভিদ বলে। তাজভিদ অনুযায়ী কুরআন তেলাওয়াত করা সকল আলিমের ঐকমত্যে ফরজ।

ইলমে তাজভিদের গুরুত্ব : মহাগ্রন্থ আলকুরআন আল্লাহ তাআলার চিরন্তন বাণী। এতে মানুষের ইহকালীন ও পরকালীন জীবনের সার্বিক দিক নির্দেশনা রয়েছে। নিয়মিত বিশুদ্ধ উচ্চারণে কুরআন মাজিদ পাঠ করা সকল মুসলিমের একান্ত কর্তব্য। অশুদ্ধভাবে কুরআন মাজিদ তেলাওয়াত করা বৈধ নয়। কারণ তাতে উচ্চারণ ও অর্থের পরিবর্তন হওয়ার সম্ভাবনা থাকে। বিশিষ্ট তাবেয়ি মায়মুন ইবনে মেহরান (রহ) বলেন–

رُبَّ تَالٍ لِلْقُرْاٰنِ وَالْقُرْاٰنُ يَلْعَنُهٗ

অর্থ ঃ কুরআনের অনেক পাঠক আছে, কুরআন তাদের অভিশাপ দেয়। কুরআন মাজিদ সহিহভাবে তেলাওয়াত করার জন্য আল্লাহ তাআলা পবিত্র কুরআনের একাধিক স্থানে নির্দেশ দিয়েছেন। তিনি বলেন-(سورة المزمل) وَرَتِّلِ الْقُرْاٰنَ تَرْتِيْلًا

আপনি তারতিল সহকারে কুরআন তেলাওয়াত করুন। তারতিল অর্থ হলো- সহিহভাবে ধীরে ধীরে কুরআন মাজিদ পাঠ করা। শুদ্ধরূপে কুরআন তেলাওয়াতের জন্য ইলমে তাজভিদ (علم التجويد) শিক্ষা করা সকলের দায়িত্ব ও কর্তব্য।

তাই আমাদের আরবি হরফের মাখরাজ, সিফাত, নুন সাকিন ও তানভিনের আহকাম ইত্যাদি নিয়ম-কানুন জানা দরকার। যাতে হরফের সঠিক উচ্চারণ করে সহিহভাবে কুরআন তেলাওয়াত করা যায়।

২য় পাঠ

মাখরাজের বিবরণ

মাখরাজ (مخرج) শব্দটি আরবি। মাখরাজের শাব্দিক অর্থ হলো- বের হওয়ার স্থান, নির্গমনস্থল। ইলমে তাজভিদের পরিভাষায়– আরবি হরফসমূহের উচ্চারণ স্থানকে মাখরাজ বলা হয়। অর্থাৎ, যে সব স্থান থেকে আরবি ২৯টি অক্ষর উচ্চারিত হয় ঐসব স্থানকে মাখরাজ বলা হয়।

আরবি মোট ২৯টি হরফ মোট ১৭টি মাখরাজ থেকে উচ্চারিত হয়। কোনো মাখরাজ হতে একটি হরফ, কোনো মাখরাজ হতে দুটি হরফ, আবার কোনো মাখরাজ হতে তিনটি হরফ উচ্চারিত হয়। মাখরাজ জানার পদ্ধতি হলো, যে হরফের মাখরাজ জানা দরকার, সে হরফের পূর্বে একটি হরকতওয়ালা হামযা (اَ) এনে উক্ত হরফে জযম (ـْـ / ـۡـ) দিয়ে উচ্চারণ করতে হয়। হরফের উচ্চারণ যে স্থানে গিয়ে বন্ধ হয়ে যাবে, ঐ স্থানই উক্ত হরফের মাখরাজ বলে পরিগণিত হবে। যেমন : اَثْ اَطْ –اَلْ –اَمْ

নিম্নে আরবি হরফসমূহের মাখরাজগুলো বর্ণনা করা হলো–

১ নম্বর মাখরাজ– হালক তথা কণ্ঠনালীর শুরু হতে ء – ه উচ্চারিত হয়। যেমন : اَءْ اَهْ

২ নম্বর মাখরাজ– হালক তথা কণ্ঠনালীর মাঝখান হতে ع – ح উচ্চারিত হয়। যেমন : اَعْ اَحْ

৩ নম্বর মাখরাজ– হালক তথা কণ্ঠনালীর শেষভাগ হতে غ – خ উচ্চারিত হয়। যেমন : اَخْ اَغْ

৪ নম্বর মাখরাজ– জিহ্বার গোড়া ও তার বরাবর তালুর সঙ্গে লেগে ق উচ্চারিত হয়। যেমন : اَقْ

৫ নম্বর মাখরাজ– জিহ্বার গোড়া হতে একটু আগে বাড়িয়ে তার বরাবর উপরের তালুর সঙ্গে লেগে ك উচ্চারিত হয়। যেমন : اَكْ

৬ নম্বর মাখরাজ– জিহ্বার মাঝখান তার বরাবর উপরের তালুর সঙ্গে লেগে ش ي ج উচ্চারিত হয়। যেমন : اَجْ - اَشْ - اَيْ

৭ নম্বর মাখরাজ– জিহ্বার গোড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের সাথে লেগে ض উচ্চারিত হয়। যেমন : اَضْ

৮ নম্বর মাখরাজ– জিহ্বার আগার কিনারা সামনের উপরের দাঁতের মাড়ির সাথে লেগে ل উচ্চারিত হয়। যেমন : اَلْ

৯ নম্বর মাখরাজ– জিহ্বার আগা সেই বরাবর উপরের তালুর সাথে লেগে ن উচ্চারিত হয়। যেমন : اَنْ

১০ নম্বর মাখরাজ– জিহ্বার মাথার উল্টো দিক সেই বরাবর উপরের তালুর সাথে লেগে ر উচ্চারিত হয়। যেমন : اَرْ

১১ নম্বর মাখরাজ– জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ায় লেগে ت د ط উচ্চারিত হয়। যেমন : اَطْ–اَدْ–اَتْ

১২ নম্বর মাখরাজ– জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের পেট ও আগার সাথে লেগে ز۔ س۔ص উচ্চারিত হয়। যেমন : اَزْ اَسْ اَصْ

১৩ নম্বর মাখরাজ– জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের আগার সাথে লেগে ث۔ذ۔ظ উচ্চারিত হয়। যেমন : اَثْ اَذْ اَظْ

১৪ নম্বর মাখরাজ– নিচের ঠোঁটের পেট, সামনের উপরের দুই দাঁতের আগার সাথে লেগে ف উচ্চারিত হয়। যেমন : اَفْ

১৫ নম্বর মাখরাজ– দুই ঠোঁটের মাঝখান হতে ب م و উচ্চারিত হয়। যেমন : اَوْ اَمْ اَبْ

১৬ নম্বর মাখরাজ– মুখের খালি জায়গা হতে মাদ্দের তিনটি হরফ ا و ی উচ্চারিত হয়। যেমন : خَا خُوْ خِيْ

১৭ নম্বর মাখরাজ– নাকের বাঁশি হতে গুন্নাহ উচ্চারিত হয়। যেমন : اِنَّ لَمَّا ثُمَّ

৩য় পাঠ

মাদ্দের বিবরণ

মাদ্দ (مَدٌّ) আরবি শব্দ। এ শব্দের শাব্দিক অর্থ হলো-দীর্ঘ করা, লম্বা করা। তাজভিদের পরিভাষায়- মাদ্দ হলো কুরআন মাজিদের অক্ষরগুলোকে বিশেষ শর্ত সাপেক্ষে দীর্ঘস্বরে উচ্চারণ করে পাঠ করা।

মাদ্দের হরফ তিনটি। যথা:

১. আলিফ (ا) : যখন খালি থাকে অর্থাৎ হরকতমুক্ত থাকে এবং তার ডানের অক্ষরে যবর থাকে। যেমন: قَالَ

২. ওয়াও (و) : যখন সাকিন থাকে এবং তার ডানের অক্ষরে পেশ থাকে। যেমন: قَالُوْا

৩. ইয়া (ي) : যখন সাকিন থাকে এবং তার ডানের অক্ষরে যের থাকে। যেমন: قِيْلَ

মাদ্দের পরিমাণ:

মাদ্দ ১ থেকে ৪ আলিফ পর্যন্ত দীর্ঘ করা যায়। ২টি হরকত একসাথে উচ্চারণ করতে যে পরিমাণ সময় লাগে তাকে ১ আলিফ বলা হয়। যেমন- بَ + بَ বলতে যে সময় প্রয়োজন হয় তাই হলো এক আলিফ পরিমাণ সময় অথবা হাতের একটি আঙ্গুল সোজা অবস্থা থেকে মধ্যম গতিতে বন্ধ করতে যে সময়ের প্রয়োজন হয় তাকে এক আলিফ, দুটি আঙ্গুল বন্ধ করতে যে সময়ের প্রয়োজন হয় তাকে দু আলিফ বলা হয়। এভাবে তিন ও চার আলিফের পরিমাণ নির্ধারণ করা যায়।

মাদ্দ অনেক প্রকার। এখানে শুধু পাঁচ প্রকার মাদ্দ সম্পর্কে আলোচনা করা হলো। বাকি প্রকারগুলো পরবর্তী শ্রেণিতে আলোচনা করা হবে।

১. **মাদ্দে আসলি (مد أصلي):** যবরযুক্ত অক্ষরের পর খালি আলিফ, পেশযুক্ত অক্ষরের পর সাকিনযুক্ত ওয়াও এবং যেরযুক্ত অক্ষরের পর সাকিনযুক্ত ইয়া হলে তাকে মাদ্দে আসলি বলা হয়। এরূপ মাদ্দকে এক আলিফ টেনে পড়তে হয়। এছাড়াও কোনো হরফে খাড়া যবর, খাড়া যের ও উল্টা পেশ হলে এক আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। মাদ্দে আসলিকে মাদ্দে তবায়ি বা মাদ্দে জাতিও বলা হয়।

যেমন: ذٰلِكَ - بِهٖ - لَهٗ - بُوْ - بِيْ - بَا

২. **মাদ্দে মুত্তাসিল (مد متصل)**: মাদ্দের হরফের পরে একই শব্দে হামজা হলে তাকে মাদ্দে মুত্তাসিল বলে। ইহা চার আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। যেমন: اُولٰٓئِكَ

৩. **মাদ্দে মুনফাসিল (مد منفصل)**: মাদ্দের হরফের পরে পরবর্তী শব্দের প্রথমে হামজা হলে তাকে মাদ্দে মুনফাসিল বলে। মাদ্দে মুনফাসিল তিন আলিফ পরিমাণ টেনে পড়তে হয়। যেমন: وَمَآ اَدْرٰىكَ ۔ كَمَآ اٰمَنَ ۔ فِيْٓ اٰذَانِهِمْ

৪. **মাদ্দে আরেজি (مد عارضي)**: মাদ্দের হরফের বামের হরফে ওয়াকফ করলে তাকে মাদ্দে আরেজি বলে। এমতাবস্থায় মাদ্দের হরফের ডান দিকের হরকতকে তিন আলিফ টেনে পড়তে হয়। যেমন: خٰلِدُوْنَ - اُعِدَّتْ لِلْكٰفِرِيْنَ

৫. **মাদ্দে লিন (مد لين)**: লিনের হরফের বামের হরফে ওয়াকফ করলে তাকে মাদ্দে লিন বলে। লিনের হরফের ডান দিকের হরকতকে এক আলিফ পরিমাণ টেনে পড়তে হয়।(ওয়াও বা ইয়া সাকিন হয়ে পূর্বে যবর হলে তাকে হরফে লিন বলে।) যেমন : وَالصَّيْفِ ۔ مِنْ خَوْفٍ

৪র্থ পাঠ

নুন সাকিন ও তানভিনের বিবরণ

নুন হরফের উপর সাকিন হলে তাকে নুন সাকিন (نُوْنٌ سَاكِنَةٌ) বলে, আর দুই যবর, দুই যের ও দুই পেশকে তানভিন (تَنْوِيْنٌ)বলে।

নুন সাকিন (نْ) কে তার পূর্বের হরফের সাথে মিলিয়ে একত্রে উচ্চারণ করতে হয়। নুন সাকিন কখনো পৃথকভাবে একাকি উচ্চারিত হতে পারে না। যেমন: নুন সাকিন بَ এর সাথে মিলে বান(بَنْ) হয়েছে।

অনুরূপ তানভিনকে কোনো হরফের সাথে যুক্ত না করে উচ্চারণ করা যায় না। তানভিনকে সর্বদা কোনো হরফের সাথে যুক্ত করে উচ্চারণ করতে হয়, এ অবস্থায় তানভিনে একটি গুপ্ত নুন উচ্চারিত হয়। যেমন : بًا بٍ بٌ

উক্ত তিনটি উদাহরণে একটি নুন গুপ্ত রয়েছে। যার প্রকৃত রূপ হলো بَنْ بِنْ بُنْ

নুন সাকিন ও তানভিন চার নিয়মে পাঠ করা হয়। যথা :

১. ইযহার (إِظْهَار) ২. ইকলাব (إِقْلَاب)

৩. ইদগাম (إِدْغَام) ৪. ইখফা (إِخْفَاء)

নিম্নে নুন সাকিন ও তানভিনের প্রকারগুলো আলোচনা করা হলো।

১. ইযহার (إِظْهَار) :

ইযহারের শাব্দিক অর্থ- স্পষ্ট করে পাঠ করা। পারিভাষায়, নুন সাকিন ও তানভিনের পরে হুরুফে হলকি তথা ء ه ح خ ع غ এ ছয়টি হরফের কোনো একটি হরফ আসলে নুন সাকিন ও তানভিনকে গুন্নাহ ছাড়া খুব স্পষ্ট করে উচ্চারণ করাকে ইযহার বলা হয়। যেমন : مِنْ عَلَقٍ – لَا خَوْفٌ عَلَيْهِمْ

উল্লেখ্য যে, নুন সাকিন ও তানভিনের মাঝে কিছুটা পার্থক্য রয়েছে। নুন সাকিন ওয়াকফ ও ওয়াসল (মিলিত) উভয় অবস্থায় উচ্চারিত হয়। আর তানভিন কখনো ওয়াকফ অবস্থায় উচ্চারিত হয় না; বরং তা এ অবস্থায় সাকিন হয়ে যায়।

২. ইকলাব (إِقْلَاب) :

ইকলাবের অর্থ - পরিবর্তন করা। নুন সাকিন ও তানভিনের পরে বা (ب) হরফ আসলে নুন সাকিন ও তানভিনকে মিম (م) দ্বারা পরিবর্তন করে উচ্চারণ করাকে ইকলাব বলা হয়। এ অবস্থায় নুন সাকিন ও তানভিনকে এক আলিফ পরিমাণ দীর্ঘ গুন্নাহ করে পাঠ করতে হয়। যেমন: مِنْ بَعْضٍ- كِرَامٍ بَرَرَةٍ

৩. ইদগাম (إِدْغَام) :

ইদগামের অর্থ- মিলিত করা। কোনো শব্দের শেষ ভাগে নুন সাকিন বা তানভিন আসলে এবং তার পরবর্তী শব্দের প্রথম হরফটি يَرْمَلُوْنَ তথা ي - ر-م - ل-و-ن এ ছয়টি হরফের কোনো একটি হরফ হলে উক্ত নুন সাকিন ও তানভিনকে পরবর্তী হরফের সাথে মিলিয়ে পাঠ করাকে ইদগাম বলে। যেমন : مِنْ رَّبِّهِمْ –عَذَابٌ مُّهِيْنٌ

ইদগাম দুই প্রকার। যথা :

ক. ইদগাম বিল গুন্নাহ (إِدْغَامٌ بِالْغُنَّةِ) : নুন সাকিন ও তানভিনের পর ইদগামের চারটি হরফ তথা ن و م ي এর কোনো একটি হরফ আসলে গুন্নাহসহ মিলিয়ে পড়াকে ইদগাম বিল গুন্নাহ বলে। যেমন : مَنْ يُّؤْمِنُ – بَشِيْرًا وَّنَذِيْرًا

খ. ইদগাম বিলা গুন্নাহ (إِدْغَامٌ بِلَا غُنَّةٍ) : নুন সাকিন ও তানভিনের পর ইদগামের দুটি হরফ তথা ل ر এর কোনো একটি হরফ আসলে গুন্নাহ ছাড়া মিলিয়ে পড়াকে ইদগাম বিলা গুন্নাহ বলা হয়।

যেমন : مِنْ رَّحْمَةٍ – نَذِيْرًا لَّهُمْ

৪. ইখফা (إِخْفَاء) :

ইখফা অর্থ- গোপন করা। নুন সাকিন ও তানভিনের পরে ইখফার নির্দিষ্ট কোনো হরফ আসলে উক্ত নুন সাকিন ও তানভিনকে গুন্নাহর সাথে গোপন করে পাঠ করতে হয়, একে ইখফা বলা হয়। ইখফার হরফ ১৫টি। যথা :

ت ث ج د ذ ز س ش ص ض ط ظ ف ق ك

যেমন :– كُنْتُ تُرَابًا – مَنْ كَسَبَ – ثَمَنًا قَلِيْلًا –

৫ম পাঠ

মিম সাকিনের বিবরণ

মিম (م) হরফের উপর জযম বা সাকিন হলে তাকে মিম সাকিন (مِيْمٌ سَاكِنَةٌ) বলে। এরূপ মিম সাকিন তিন নিয়মে পাঠ করতে হয়। অর্থাৎ, মিম সাকিন উচ্চারণ করার নিয়ম তিন প্রকার। যথা :

১. ইযহার (إِظْهَار)

২. ইদগাম (إِدْغَام)

৩. ইখফা (إِخْفَاء)

নিম্নে মিম সাকিন পঠনপদ্ধতির প্রকারগুলো আলোচনা করা হলো–

১. ইযহার (إِظْهَار) : মিম সাকিনের পরে বা (ب) এবং মিম (م) ব্যতীত বাকি হরফ সমূহের কোনো একটি হরফ আসলে উক্ত মিম সাকিনকে স্পষ্ট করে পাঠ করাকে ইযহার বলা হয়। যেমন : اَلَمْ تَعْلَمْ – عَلَيْهِمْ لَعْنَةُ اللّٰهِ

২. ইদগাম (إِدْغَام) : মিম সাকিনের পরে অন্য একটি হরকতযুক্ত মিম (م) আসলে উক্ত মিম সাকিনকে পরবর্তী মিমের সাথে মিলিয়ে গুন্নাহ সহকারে পাঠ করাকে ইদগাম বলা হয়। যেমন : عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ

৩. ইখফা (إِخْفَاء) : মিম সাকিনের পরে বা (ب) হরফ আসলে ঐ মিম সাকিনকে গুন্নাহ সহকারে উচ্চারণ করাকে ইখফা বলা হয়। এরূপ মিম উচ্চারণকালে দুই ঠোঁট মিলিত হয়ে কিঞ্চিৎ গুন্নাহ লোপ পায় এবং এরূপ মিমকে এক আলিফ হতে দেড় আলিফ পরিমাণ দীর্ঘ করে পড়তে হয়। একে ইখফায়ে শাফাভি বলা হয়। যেমন : مَا لَهُمْ بِذٰلِكَ – عَلَيْهِمْ بِسُلْطٰنٍ

৬ষ্ঠ পাঠ

ওয়াজিব গুন্নাহ

ওয়াজিব গুন্নাহ :

হরকতের বামে অবস্থিত নুন ও মিম অক্ষরে তাশদিদ যুক্ত হলে উক্ত নুন ও মিম কে গুন্নাহ করে পড়তে হয়। একে ওয়াজিব গুন্নাহ বলা হয়।

ওয়াজিব গুন্নাহ এক আলিফ পরিমাণ দীর্ঘ হয়। ওয়াজিব গুন্নাহ যথানিয়মে আদায় করা অত্যাবশ্যক। ওয়াজিব গুন্নাহ এক আলিফ পরিমাণ দীর্ঘ করা না হলে তেলাওয়াত সহিহ হবে না। ইচ্ছাকৃত ওয়াজিব গুন্নাহ পরিহার করা উচিত নয়।

উদাহরণ-

فَلَمَّا اَحَسَّ – ثُمَّ – كُنَّا

৭ম পাঠ

রা (ر) হরফ পড়ার বিবরণ

রা (ر) অক্ষরকে দুই নিয়মে পড়তে হয়। যথা : পোর ও বারিক। নিম্নে এ সম্পর্কে আলোচনা করা হলো।

ক) রা (ر) হরফ পাঁচ অবস্থায় পোর তথা মোটা করে পড়তে হয়।

(১) ر হরফে পেশ বা যবর থাকলে। যেমন- اَلرَّحِيْمُ- رَبَّنَا

(২) ر হরফ সাকিন অবস্থায় তার পূর্বের হরফে যবর বা পেশ হলে। যেমন- زُرْتُمُ - بَرْدًا

(৩) ر হরফ সাকিন অবস্থায় তার পূর্বের হরফে আরেজি যের হলে। আরেজি যের মূলত যের নয়, বরং সাকিন হরফকে মিলিয়ে পড়ার জন্য আসে। যেমন- اِلَّا لِمَنِ ارْتَضٰى

(৪) ر হরফ সাকিন অবস্থায় তার পূর্বের হরফে যের ও পরের হরফ হুরুফে মুস্তালিয়ার কোন একটি হলে। হুরুফে মুস্তালিয়া ৭টি। যথা: خ ص ض غ ط ظ ق

যেমন - مِرْصَادٌ قِرْطَاسٌ

(৫) ওয়াকফের দরুণ "ر" হরফ সাকিন অবস্থায় তার পূর্বে ي ছাড়া অন্য হরফ সাকিন বিশিষ্ট হলে এবং সাকিন বিশিষ্ট হরফের ডান দিকের হরফে যবর বা পেশ থাকলে। যেমন- لَفِيْ خُسْرٍ-مِنْ كُلِّ اَمْرٍ

খ) রা (ر) হরফ চার অবস্থায় বারিক তথা পাতলা করে পড়তে হয়। যথা-

(১) ر হরফে যের হলে। যেমন- اَلْقَارِعَةُ- قَرِيْبٌ

(২) ر হরফে সাকিন অবস্থায় তার পূর্বের হরফে আসলি তথা মৌলিক যের হলে। যেমন- فَذَكِّرْ-فَاصْبِرْ

(৩) ওয়াকফ করার সময় "ر" হরফের ডানে ي সাকিন হলে ও ي সাকিনের পূর্বের হরফে যবর হলে। যেমন- خَيْرٌ-صَيْرٌ

(৪) ওয়াকফ করার সময় "ر" হরফের ডানে ي ছাড়া অন্য হরফে সাকিন হলে ও সাকিন বিশিষ্ট হরফের ডানে যের হলে। যেমন- لِذِيْ حِجْرٍ-وَلَا بِكْرٌ

৮ম পাঠ

اللّٰه (আল্লাহ) শব্দের ل (লাম) পড়ার বিবরণ

اللّٰه শব্দের ل দুই নিয়মে পড়তে হয়। যথা : পোর ও বারিক।

ক. পোর পড়ার নিয়ম :

اللّٰه শব্দের লামের পূর্বের অক্ষরে যদি যবর বা পেশ থাকে, তাহলে আল্লাহ শব্দের লামকে পোর তথা মোটা করে পড়তে হয়। যেমন- اَللّٰهُ الصَّمَدُ– لَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ

খ) বারিক পড়ার নিয়ম :

اللّٰه শব্দের লামের পূর্বের অক্ষরে যদি যের থাকে, তাহলে আল্লাহ শব্দের লামকে বারিক তথা পাতলা করে পড়তে হয়। যেমন- اَعُوْذُ بِاللّٰهِ– لِلّٰهِ

৯ম পাঠ

ওয়াকফের বিবরণ

وقف (ওয়াকফ) শব্দের শাব্দিক অর্থ– থেমে যাওয়া। কুরআন মাজিদ পাঠকালে কোনো শব্দের শেষে বিরাম নেওয়াকে ওয়াকফ বলা হয়। তাজভিদের পরিভাষায়- কোনো আয়াত বা শব্দ শেষ করে বিরামার্থে আওয়াজ ও নিঃশ্বাস বন্ধ করে পুনরায় শুরু করার জন্য থেমে যাওয়াকে ওয়াকফ বলা হয়। পদ্ধতিগতভাবে ওয়াকফ চার প্রকার। যথা:

১. ওয়াকফ বিল ইসকান (وَقْفٌ بِالْاِسْكَانِ)

২. ওয়াকফ বিল ইশমাম (وَقْفٌ بِالْاِشْمَامِ)

৩. ওয়াকফ বির রাওম (وَقْفٌ بِالرَّوْمِ)

৪. ওয়াকফ বিল ইবদাল (وَقْفٌ بِالْاِبْدَالِ)

নিম্নে ওয়াকফের প্রকার বিস্তারিত আলোচনা করা হলো–

১. **ওয়াকফ বিল ইসকান (وَقْفٌ بِالْاِسْكَانِ) :** পাঠকালে কোনো আয়াত বা শব্দের শেষ হরফকে পূর্ণ সাকিন করে ওয়াকফ করাকে ওয়াকফ বিল ইসকান বলা হয়। এটা সর্বাধিক গুরুত্বপূর্ণ ওয়াকফ। যেমন: يَعْمَلُوْنَ – هُدًى لِّلْمُتَّقِيْنَ

২. **ওয়াকফ বিল ইশমাম (وَقْفٌ بِالْاِشْمَامِ)** : কুরআন মাজিদ পাঠকালে কোনো আয়াত বা শব্দের শেষ হরফে পেশ থাকলে ওয়াকফকালে ঐ হরফ সাকিন করার পর উভয় ঠোঁট দ্বারা দ্রুত পেশের দিকে ইশারা করে ওয়াকফ করাকে ওয়াকফ বিল ইশমাম বলা হয়। যেমন : قَدِيْرٌ – نَسْتَعِيْنُ

৩. **ওয়াকফ বির রাওম (وَقْفٌ بِالرَّوْمِ)** : কুরআন মাজিদ পাঠকালে কোনো আয়াত বা শব্দের শেষ হরফে এক যের বা এক পেশ অথবা দুই যের বা দুই পেশ- এর যেকোনোটি থাকলে ওয়াকফকালে তা অতি মৃদু আওয়াজে আদায় করে ওয়াকফ করাকে ওয়াকফ বির রাওম বলা হয়। যেমন : عَلِيْمٌ – وَلِلّٰهِ – هُوَ اللّٰهُ

৪. **ওয়াকফ বিল ইবদাল (وَقْفٌ بِالْاِبْدَالِ)** : কুরআন মাজিদ পাঠকালে কোন আয়াত বা শব্দের শেষ হরফে দুই যবর হলে ওয়াকফ অবস্থায় ঐ দুই যবরকে এক যবর পড়তে হয় এবং এক আলিফ পরিমাণ দীর্ঘ করে ওয়াকফ করতে হয়। উক্ত দুই যবরের পরে আলিফ থাক বা না থাক, উভয় অবস্থায়ই ওয়াকফকালে এক হরকত পড়তে হয় এবং এক আলিফ পরিমাণ দীর্ঘ করতে হয়। এরূপ ওয়াকফকে ওয়াকফ বিল ইবদাল বলা হয়। যথা : شَيْئًا–خَبِيْرًا–اِيْمَانًا–وَنِسَاءً ইত্যাদি।

কুরআন মাজিদে বিদ্যমান ওয়াকফের চিহ্নসমূহের বর্ণনা :

ক্রমিক নং	চিহ্ন	মর্ম	নির্দেশিকা
০১	۝	বিরাম	আয়াত সমাপ্তির বিরামচিহ্ন
০২	م	লাযিম	বিরতি অবশ্য কর্তব্য
০৩	ط	মুতলাক	বিরতি খুব ভালো। মিলান ঠিক নয়
০৪	ج	জায়িয	বিরতি ভালো। মিলান যায়
০৫	ز	মুযাওয়ায	বিরতির চেয়ে মিলান ভাল
০৬	ص	মুরাখ্খাছ	বিরতির চেয়ে মিলান ভাল
০৭	ق	কিলা আলাইহি ওয়াকফুন	ওয়াকফ করা না করা উভয়ই জায়েজ। তবে মিলানো ভালো
০৮	لا	লা ওয়াকফ আলাইহি	বিরতি নয়, অবশ্যই মিলাবে
০৯	سكتة/س	সাকতাহ	নিঃশ্বাস রেখে কিঞ্চিৎ বিরতি

১০	قف	ওয়াকফে আমর	বিরতি, মিলানো ঠিক না
১১	قلے	ওয়াকফে আওলা	মিলানোর চেয়ে বিরতি ভালো
১২	∴	মুয়ানাকা	দুই পার্শ্বের চিহ্নের যে কোনো একটিতে থামলে, অপরটিতে থামা যাবে না।
১৩	وقفة	ওয়াকফাহ	সাকতার ন্যায় কিঞ্চিৎ বিরতি
১৪	صل	কাদ ইউসালু	ওয়াকফ করা ভালো
১৫	صلے	আল ওয়াসলু আওলা	মিলানো ভালো

১০ম পাঠ

কলকলার বিবরণ

আরবি হরফসমূহ বিভিন্ন রীতিনীতি অনুযায়ী উচ্চারিত হয়। এ সবকে সিফাত বলা হয়। বিভিন্ন হরফের জন্য বিভিন্ন প্রকার সিফাত রয়েছে। সিফাতসমূহের অন্যতম একটি সিফাত হলো কলকলা।

কলকলা (قَلْقَلَة) শব্দের অর্থ হলো- কম্পন। পরিভাষায়- কলকলার জন্য নির্দিষ্ট পাঁচটি হরফ তথা ق ط ب ج د এর মধ্য থেকে কোনো একটি হরফের উপরে সাকিন থাকলে উচ্চারণের সময় শক্তিপূর্ণ কম্পন সৃষ্টি করে পাঠ করাকে কলকলা বলা হয়। এ সিফাত আদায় করার সময় মাখরাজে শক্তিপূর্ণ কম্পন সৃষ্টি হয় এবং তা মুখভর্তি অবস্থায় কিঞ্চিত সময় নিয়ে শেষ হয়। এটি ওয়াকফ অবস্থায় বৃদ্ধি পায় এবং ওয়াসল অবস্থায় হ্রাস পায়। যেমন: اَقْ اَطْ اَدْ اَجْ اَبْ

অনুশীলনী

১। এককথায় উত্তর দাও :

ক. تجويد শব্দের শাব্দিক অর্থ কী ?

খ. ইলমে তাজভিদ শিক্ষা করার হুকুম কী ?

গ. কুরআন মাজিদ কাদেরকে অভিশাপ দেয় ?

ঘ. মাখরাজ কোন ভাষার শব্দ এবং এর অর্থ কী ?

ঙ. মাখরাজ মোট কয়টি ?

চ. হালকের শেষ হতে কী কী অক্ষর উচ্চারিত হয় ?

ছ. م কোথা থেকে উচ্চারিত হয় ?

জ. মাদ্দ অর্থ কী ?

ঝ. মাদ্দের হরফ কয়টি ও কী কী ?

ঞ. মাদ্দে আসলির অপর নাম কী ?

ট. মাদ্দে আরেজি কয় আলিফ টানতে হয় ?

ঠ. মাদ্দে মুনফাসিল কয় আলিফ টানতে হয় ?

ড. মাদ্দে মুত্তাসিল কয় আলিফ টানতে হয় ?

ঢ. তানভিনের সংজ্ঞা কী ?

ড. নুন সাকিন ও তানভিনের কায়দা কয়টি ও কী কী ?

ণ. ইজহার অর্থ কী ?

ত. ইকলাবের হরফটি কী ?

থ. ইদগাম কত প্রকার ?

দ. ইখফার হরফ কয়টি ?

ধ. মিম সাকিনের কায়দা কয়টি ও কী কী ?

ন. কোন কোন হরফে তাশদিদ হলে ওয়াজিব গুন্নাহ হয় ?

প. ر (রা) কে কত অবস্থায় পোর পড়তে হয় ?

ফ. ر (রা) কে কত অবস্থায় বারিক পড়তে হয় ?

ব. আল্লাহ শব্দের লামকে কখন মোটা করে পড়তে হয় ?

ভ. আল্লাহ শব্দের লামকে কখন বারিক করে পড়তে হয় ?

ম. ওয়াকফ অর্থ কী ?

য. পদ্ধতিগত ওয়াকফ কত প্রকার ?

র. মিম (م) চিহ্নের মর্ম কী ?

ল. কলকলার হরফ কয়টি ?

২। সঠিক উত্তরটি লেখ :

ক. তাজভিদ অনুযায়ী কুরআন পড়া কী ? ফরজ / ওয়াজিব/ সুন্নাত

খ. আরবি হরফে মাখরাজ মোট কয়টি ? ১৬টি / ১৭টি / ১৯টি

গ. দু' ঠোঁটের মাঝখান হতে উচ্চারিত হয় কোন হরফটি ? ج / ء / ب

ঘ. মাদ্দে মুত্তাসিল টানতে হয় কত আলিফ ? এক/ দুই/ চার

ঙ. নুন সাকিন ও তানভিনের কায়দা মোট কয়টি ? তিন/ চার / পাঁচ

চ. ইদগাম কত প্রকার ? ২/ ৩/ ৪

ছ. ইখফার হরফ কোনটি ? ت/ب/ي

জ. নুনের উপর তাশদিদ হলে কী করতে হয় ? গুন্নাহ/ পোর/ বারিক

ঝ. ر (রা) এর উপর পেশ হলে তা কিভাবে উচ্চারিত হয় ? মোটা/পাতলা/মাঝামাঝি

ঞ. الله শব্দের পূর্বে যের থাকলে তার ل কিভাবে উচ্চারিত হয় ?

মোটা/পাতলা/মাঝামাঝি

ট. পদ্ধতিগতভাবে ওয়াকফ কত প্রকার ? ৩/৪/৫

ঠ. ওয়াকফে জায়েজ এর চিহ্ন কোনটি ? م/ج/ط

ড. কলকলার হরফ কয়টি ? ৫/৬/৭

ঢ. কলকলা অর্থ কী ? কম্পন/ উচ্চারণের স্থান/ গুণাগুণ

৩। শূন্যস্থান পূরণ কর :

ক. তাজভিদ মানে ....।

খ. অশুদ্ধ পাঠকারীকে কুরআন .... দেয়।

গ. .... অর্থ বের হওয়ার স্থান ।

ঘ. মুখের খালি স্থান থেকে উচ্চারিত হয় .... হরফ।

ঙ. মাদ্দে আসলির অপর নাম মাদ্দে ....।

চ. দুই যবর, দুই যের ও দুই পেশকে .... বলে।

ছ. يُنْفِقُوْنَ শব্দটি .... এর উদাহরণ।

জ. মিম সাকিনের পরে মিম আসলে .... করতে হয় ।

ঝ. ر (রা) অক্ষরে যবর থাকলে ...... করে পড়তে হয়।

ঞ. ر (রা) অক্ষরে যের থাকলে .... করে পড়তে হয়।

ট. الله শব্দের পূর্বে যের থাকলে .... করে পড়তে হয় ।

ঠ. الله শব্দের পূর্বে পেশ থাকলে .... করে পড়তে হয়।

ড. বিরামার্থে শ্বাস বন্ধ করে থেমে যাওয়াকে .... বলে।

ঢ. শেষ হরফে সাকিন করার মাধ্যমে ওয়াকফ করাকে .... বলে।

৪। নিচের শব্দসমূহের দাগ দেয়া অংশের তাজভিদের কায়দা বর্ণনা কর :

لَآ اَعْبُدُ۔ اُولٰٓئِكَ۔ رَبِّ الْعَالَمِيْنَ۔ مَنْ يَّفْعَلُ۔ اَنْعَمْتَ۔ عَذَابٌ اَلِيْمٌ۔ يُنْفِقُوْنَ۔

سَمِيْعٌۢ بَصِيْرٌ۔ اَمْ مَّنْ خَلَقَ۔ تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ۔ اِنَّ۔ مِرْصَادٌ۔ فِرْعَوْنَ۔

رَسُوْلُ اللّٰهِ۔ بِسْمِ اللّٰهِ۔ اَلرَّحْمٰنُ۔ خَيْرٌ۔ يَرْجِعُوْنَ۔

৫। বাম পাশের অংশের সাথে ডান পাশের অংশের মিল কর :

বাম পাশ	ডান পাশ
মাদ্দে মুত্তাসিল	দুই প্রকার
মাখরাজ অর্থ	চার প্রকার
ইদগাম	চার আলিফ টানতে হয়।
কলকলার হরফ	উচ্চারণের স্থান
মাদ্দ অর্থ	দীর্ঘ করা
পদ্ধতিগত ওয়াকফ	ওয়াকফে লাযেম এর চিহ্ন
م	৫টি

৬। রচনামূলক প্রশ্নাবলি :

ক. ইলমে তাজভিদ কাকে বলে ? তার গুরুত্ব আলোচনা কর।

খ. মাখরাজ কাকে বলে? ১ নম্বর থেকে ৫ নম্বর মাখরাজ উদাহরণসহ বর্ণনা কর।

গ. মাদ্দ কাকে বলে? মাদ্দে আসলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা কর।

ঘ. মাদ্দে মুত্তাসিল, মাদ্দে মুনফাসিল ও মাদ্দে আরেজি সম্পর্কে উদাহরণসহ বর্ণনা দাও।

ঙ. নুন সাকিন ও তানভিনের নিয়মগুলো উদাহরণসহ লেখ।

চ. মিম সাকিনের নিয়মগুলো উদাহরণসহ লেখ।

ছ. ر (রা) হরফকে পোর পড়ার স্থানগুলো উদাহরণসহ বর্ণনা কর।

জ. ر (রা) হরফকে বারিক পড়ার স্থানগুলো উদাহরণসহ বর্ণনা কর।

ঝ. আল্লাহ (اللّٰه) শব্দের লামকে পোর ও বারিক পড়ার নিয়মগুলো উদাহরণসহ বর্ণনা কর।

ঞ. ওয়াকফ কাকে বলে? পদ্ধতিগতভাবে ওয়াকফের প্রকারগুলো বর্ণনা কর।

ট. ১০টি ওয়াকফের চিহ্ন মর্মার্থসহ লেখ।

ঠ. কলকলা সম্পর্কে উদাহরণসহ লেখ।

২০২৫

নমুনা প্রশ্ন

বার্ষিক পরীক্ষা

ইবতেদায়ি পঞ্চম শ্রেণি

বিষয় : কুরআন মাজিদ ও তাজভিদ

পূর্ণমান : ১০০ সময় : ২ ঘণ্টা

১। এককথায় / একবাক্যে উত্তর দাও : ১০× ১ = ১০

ক. সর্বোত্তম নফল এবাদাত কোনটি ?
খ. কুরআন মাজিদের আয়াত সংখ্যা কতটি ?
গ. সুরা ফাতিহার প্রধান উপাধি কী ?
ঘ. কুরআন মাজিদের অর্থ জানার হুকুম কী ?
ঙ. কোন কোন সুরাকে তিওয়াল বলে ?
চ. সুরা ফাতিহা কোথায় নাজিল হয়েছে ?
ছ. মাখরাজ অর্থ কী ?
জ. তানভিন কাকে বলে ?
ঝ. ওয়াকফ অর্থ কী ?
ঞ. ইখফার হরফ কয়টি ?
ট. (م) চিহ্নের মর্ম কী ?
ঠ. মক্কি সুরা কাকে বলে ?

২। প্রদত্ত আয়াতে হরকত প্রদান কর (যে কোনো ১টি) : ১× ১০ = ১০

الف) والضحى ○ والليل إذا سجى ○ ما ودعك ربك وما قلى ○ وللاخرة خير لك من الاولى ○ ولسوف يعطيك ربك فترضى ○

ب) إقرأ باسم ربك الذي خلق ○ خلق الانسان من علق ○ إقرأ وربك الاكرم ○ الذى علم بالقلم ○ علم الانسان ما لم يعلم ○

৩। হরকতসহ মুখস্থ লেখ (যে কোনো ১টি) : ১× ১০ = ১০

ক) সুরা তিনের প্রথম পাঁচ আয়াত
খ) সুরা ইনশিরাহের শেষ পাঁচ আয়াত

৪। হরকত ছাড়া মুখস্থ লেখ (যে কোনো ১টি) : ১× ১০ = ১০

ক) সুরা কাদ্‌র
খ) সুরা বায়্যিনাতের প্রথম চার আয়াত

৫। নিম্নোক্ত সুরার অর্থ লেখ (যে কোনো ১টি): ১× ১০ = ১০

ক) সুরা ফাতিহা
খ) সুরা ইখলাস

৬। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২× ১০ = ২০

ক. ইলমে তাজভিদ কাকে বলে ? এর গুরুত্ব আলোচনা কর।
খ. মাদ্দ কাকে বলে? মাদ্দে আসলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা কর।
গ. নুন সাকিন ও তানভিনের নিয়মগুলো উদাহরণসহ লেখ।
ঘ. আল্লাহ (الله) শব্দের লামকে পোর ও বারিক পড়ার নিয়মগুলো উদাহরণসহ বর্ণনা কর।

৭। নিচের শব্দসমূহের দাগ দেয়া অংশের তাজভিদের কায়দা বর্ণনা কর (যে কোনো ৫টি) : ৫×২ = ১০

اولئك ۔ رب العلمين ۔ من يفعل ۔ الحمت ۔ عذاب اليم ۔ ينفقون ۔ سميع بصير ۔

৫

৮। শূন্যস্থান পূরণ কর (যে কোন ৫টি) : ৫×২ = ১০

ক. কুরআন মাজিদের আয়াত সংখ্যা ....টি।
খ. কুরআন মাজিদের প্রথম নাজিলকৃত আয়াত ....।
গ. কুরআন মাজিদের অন্তর বলা হয় সুরা..........কে।
ঘ. তাজভিদ মানে ....।
ঙ. .... অর্থ বের হওয়ার স্থান ।
চ. মাদ্দে আসলির অপর নাম মাদ্দে ....।
ছ. ينفقون শব্দটি .... এর উদাহরণ।

৯। বাম পাশের শব্দের সাথে ডান পাশের শব্দসমূহের মিল কর : ৫×২ = ১০

বাম পাশ	ডান পাশ
মাদ্দে মুত্তাসিল	দুই প্রকার
মাখরাজ অর্থ	৫টি
ইদগাম	চার আলিফ টানতে হয়।
কলকলার হরফ	দীর্ঘ করা
মাদ্দ অর্থ	উচ্চারণের স্থান

২০২৫

শিক্ষক নির্দেশিকা

আল্লাহ তাআলা কুরআন মাজিদে মানবজীবনের সকল বিষয়ের নির্দেশনা প্রদান করেছেন। এ মহাগ্রন্থে যেমনিভাবে মানবজীবনের আত্মিক বিষয়ের বর্ণনা দেয়া হয়েছে তেমনিভাবে মানুষের পার্থিব কর্মকাণ্ডের স্পষ্ট বিধানাবলির বিবরণও দেওয়া হয়েছে। কুরআন মাজিদের এসব বিষয়াবলি জানার জন্য কুরআন মাজিদ অধ্যয়ন করা অত্যাবশ্যক। এ উদ্দেশ্যেই মাদ্রাসা শিক্ষার সর্বস্তরের শিক্ষার্থীদের জন্য কুরআন মাজিদকে পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত করা হয়েছে।

কুরআন মাজিদ শিক্ষাদান পদ্ধতিতে এ পর্যন্ত গতানুগতিক ধারা অনুসৃত হয়ে আসছে কিন্তু মানবজীবন গতিশীল এবং তার কর্মকাণ্ডের ধারাও পরিবর্তনশীল হওয়া, শিক্ষাদান ব্যবস্থায়ও বিশ্বব্যাপী আমূল পরিবর্তন সূচিত হয়েছে। সেজন্য বিশ্বব্যাপী আর্থ-সামাজিক অবস্থার বিশেষ পরিবর্তন, নৈতিক শিক্ষার প্রয়োজন এবং জাতীয় ঐতিহ্যের প্রেক্ষিতে, সরকার কর্তৃক জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুমোদিত হয়েছে। এ শিক্ষানীতির আলোকে কুরআন মাজিদ শিক্ষাকে বাস্তবমুখী, জীবনঘনিষ্ঠ, ফলপ্রসূ এবং শিক্ষার্থীদেরকে আধুনিকমনস্ক, কর্তব্যপরায়ণ, দক্ষকর্মী, মূল্যবোধসম্পন্ন, দেশপ্রেমিক, সৎ ও যোগ্য সুনাগরিক করে গড়ে তোলার উদ্দেশ্যে এই পাঠ্যপুস্তকটি প্রণয়ন করা হয়েছে।

পুস্তকটিতে কারিকুলামের নির্দেশনা অনুযায়ী কুরআন মাজিদের উপর একটি ভূমিকা, মুখস্থকরণের জন্য কয়েকটি সুরা, নাজেরা পড়ার জন্য কুরআন মাজিদের প্রথম দুই পারা (সুরাতুল বাকারার ২৫২ আয়াত) দেয়া হয়েছে। অধ্যায়/পাঠশেষে অনুশীলনী সংযোজন করা হয়েছে। পুস্তকটির শেষ ভাগে তাজভিদ অংশ সংযোজন করা হয়েছে।

পাঠদান প্রক্রিয়া, শিক্ষার্থীদেরকে পাঠ আয়ত্ত করানো এবং পাঠের প্রতি আগ্রহ সৃষ্টি করা শিক্ষকের নিজস্ব কৌশল প্রয়োগের উপর বহুলাংশে নির্ভরশীল। তা সত্ত্বেও সম্মানিত শিক্ষকের দৃষ্টি আকর্ষণের জন্য নিচে কিছু পরামর্শ প্রদান করা হলো:

১। কুরআন মাজিদ আল্লাহর কালাম বিধায় তা সর্বদা স্পর্শ ও তেলাওয়াত অজু অবস্থায় হচ্ছে কি না, সে বিষয়ে লক্ষ্য রাখা জরুরি।

২। পুস্তকটির পাঠ আরম্ভ করার সময় ১/২টি ক্লাসে কুরআনের মাহাত্ম্য,মর্যাদা ও গুরুত্ব উপস্থাপন করা প্রয়োজন। যাতে শিক্ষার্থীদের মনে গ্রন্থটি অধ্যয়নের আগ্রহ সৃষ্টি হয়।

৩। পুস্তকটির প্রতি অধ্যায় বা পাঠে উল্লেখিত শিক্ষক নির্দেশিকা অনুসারে পাঠদান করা প্রয়োজন।

৪। প্রতিটি পাঠ শুরু করার পূর্বে পাঠের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদান করা।

৫। আয়াতের সরল অনুবাদ শিখাতে হবে। এ ক্ষেত্রে শাব্দিক অর্থ ও বিশ্লেষণ ভালোভাবে আয়ত্ত করিয়ে আয়াতের অনুবাদ শিক্ষা দিতে হবে।

৬। শিক্ষার্থীদেরকে সুরাগুলো শিক্ষাদানের সময় তাজভিদের উপর গুরুত্বারোপ করতে হবে। তাজভিদের নিয়মগুলো বোর্ডে লিখে শেখাতে হবে।

৭। বিভিন্ন সাময়িক পরীক্ষা ছাড়াও পাক্ষিক ও মাসিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে পাঠ মূল্যায়নের ব্যবস্থা করা যেতে পারে।

৮। প্রকৃতপক্ষে, একজন কর্তব্যপরায়ণ শিক্ষক তাঁর নিজস্ব উদ্ভাবিত কৌশলের মাধ্যমে শিক্ষার্থীকে জ্ঞান অর্জনে যোগ্য করে গড়ে তুলতে পারেন।

সমাপ্ত

২০২৫ শিক্ষাবর্ষের জন্য, পঞ্চম শ্রেণি–কুরআন

তোমরা সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত করো না
এবং জেনে-শুনে সত্য গোপন করো না।
–আল কুরআন

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রণীত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য।